গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাল্লা, সুনামগঞ্জ
www.shalla.sunamganj.gov.bd

## ১৪২৯ বাংলা সনের জন্য শাল্লা উপজেলার নৌকাঘাট ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি (১ম-৩য় পর্যায়):

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শাল্লা উপজেলার নিম্নবর্ণিত ফেরীঘাটসমূহ ১৪২৯ বাংলা সনের (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত) জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত দরপত্র (সিডিউল) শর্তাবলী অনুসারে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। দরপত্র (সিডিউল) প্রাপ্তির স্থানঃ (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ
(গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ

০২। দরপত্র (সিডিউল) দাখিলের স্থানঃ (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ
(গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ

### দরপত্র (সিডিউল ফরম) ক্রয়, দাখিল ও খোলার সময়সূচি:

| ক্রমিক নং | দরপত্র আহবানের পর্যায় | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ১ম পর্যায় | ১৬/০২/২০২২ খ্রি:<br>০৩ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৭/০২/২০২২ খ্রি:<br>০৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ১৭/০২/২০২২ খ্রি:<br>০৪ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>বেলা ৩.০০ ঘটিকা | - |
| ০২ | ২য় পর্যায় | ২৩/০২/২০২২ খ্রি:<br>১০ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৪/০২/২০২২ খ্রি:<br>১১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ২৪/০২/২০২২ খ্রি:<br>১১ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>বেলা ৩.০০ ঘটিকা | ১ম পর্যায়ে অবিক্রিত নৌকাঘাটের জন্য |
| ০৩ | ৩য় পর্যায় | ০২/০৩/২০২২ খ্রি:<br>১৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০৩/০৩/২০২২ খ্রি:<br>১৮ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>বেলা ২.০০ ঘটিকা পর্যন্ত | ০৩/০৩/২০২২ খ্রি:<br>১৮ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ<br>বেলা ৩.৩০ ঘটিকা | ২য় পর্যায়ে অবিক্রিত নৌকাঘাটের জন্য |

বি:দ্র: দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে

### ১৪২৯ বাংলা সনের জন্য ইজারাযোগ্য ফেরীঘাটের তালিকা:

| ক্রমিক নং | নৌকাঘাটের নাম | সরকারি ইজারা মূল্য | সিডিউল মূল্য(অফেরযোগ্য) |
|---|---|---|---|
| ০১ | ঘুঙ্গিয়ারগাঁও বাজার, নৌকাঘাট | ৩,৯৩,৫০০/- | |

### ফেরীঘাট ইজারার শর্তাবলি:

০১। ১৪২৯ বাংলা সনের ০১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য ফেরীঘাট ইজারা দেয়া হবে

০২। দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ২৫% অর্থ উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ এর অনুকূলে ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে

০৩। অনুমোদিত ইজারাদার ৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ অবশ্যই পরিশোধ করবেন। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় দরপত্র আহবান করা হবে

০৪। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ কর্তৃক অনুমোদিত টোল আদায়ের হার অনুসারে টোল আদায় করতে হবে। টোল আদায় হারের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে সংগ্রহ করতে হবে।

০৫। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট ফেরীঘাটের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান করা সত্তেও যদি প্রাপ্ত দর সরকারি ইজারামূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৬। এক ফেরীঘাটের জন্য ক্রয়কৃত দরপত্র (সিডিউল) আরেক ফেরীঘাটের জন্য দরপত্র (সিডিউল) হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র (সিডিউল) গ্রহণের দিন কোন দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র (সিডিউল) অন্য দফায় আহবানকৃত ফেরীঘাটের দরপত্র (সিডিউল) হিসেবে ব্যবহার করা যাবে না।

০৭। সীল মোহরকৃত খামের উপর দরপত্র (সিডিউল) দাতার নাম, ঠিকানা ও ফেরীঘাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। সরকার অনুমোদিত টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে ফেরীঘাটের দৃশ্যমান একাধিক স্থানে চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

০৯। প্রত্যেক ফেরীঘাটের জন্য পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র (সিডিউল) দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের (সিডিউলের) প্রতি পৃষ্টা স্বাক্ষর করতে হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ফেরীঘাটের যাত্রীদের চলাচলের জন্য উপযুক্ত নৌযান সরবরাহ, উঠা-নামার ব্যবস্থা ইজারাদার নিজ খরচে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ করবেন।

১৩। স্থানীয় সরকার বিভাগের ১৯/০৪/২০০৩ খ্রিঃ তারিখের প্রজেই-২/ক-১/৫/২০০৩/২৬২/(৫২৭২) নং স্মারকে অন্যান্য সকল শর্ত ইজারার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৪। বিলম্বে দখলদেহী পাওয়া অথবা অন্য কোন কারণে কম সময় ভোগদখল করলে অথবা অন্য কোন প্রাকৃতিক কারণে টোল আদায় ব্যহতের কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না এবং এর জন্য কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৫। সরকারী বিভিন্ন বিভাগের কর্মকর্তা/ কর্মচারীদের জনস্বার্থে দায়িত্ব পালনকালে তাদের নিকট থেকে টোল আদায় করা যাবে না।

১৬। ফেরীঘাট ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। দরপত্র দাতাকে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত বিধি-বিধান প্রতিপালন করতে হবে।

১৮। বিলম্বে দখলদেহী পাওয়া অথবা অন্য কোন কারণে কম সময় ভোগদখল করলে অথবা অন্য কোন প্রাকৃতিক কারণে ট্যাক্স আদায় না হলে কোন অজুহাত গ্রহণযোগ্য হবে না এবং এর জন্য কোন ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৯। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মো: আবু তালেব)
উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ
ইমেইল.shalla.uno@gmail.co

তারিখ ঃ ০২ ফাল্গুন ১৪২৮ বাংলা
১৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রি:

স্মারক নম্বর ০৫.৪৬.৯০৮৬.০০০.০৩.০১৩.২২.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ

০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/ স্থানীয় সরকার ও প্রকৌশলী অধিদপ্তর/ গণপূর্ত বিভাগ/ পানি উন্নয়ন বোর্ড, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) ।

০৯। উপ-পরিচালক, কৃষি সম্প্রসাণ অধিদপ্তর/ পরিবার পরিকল্পনা বিভাগ/ যুব উন্নয়ন অধিদপ্তর/ সমাজ সেবা অধিদপ্তর, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো) ।

১০। উপজেলা নির্বাহী অফিসার.......................................(সকল), সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো) ।

১১। সহকারী কমিশনার (ভূমি), শাল্লা, সুনামগঞ্জ (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

১২। অফিসার ইনচার্জ, শাল্লা থানা, সুনামগঞ্জ (দরপত্র খোলার ধার্য তারিখে প্রয়োজনীয় নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

১৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ

১৪। সহকারী প্রোগ্রামার, শাল্লা, সুনামগঞ্জ (উপজেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)

১৫। জেলা তথ্য অফিস, সুনামগঞ্জ (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

১৬। উপজেলা.................................................... কর্মকর্তা, শাল্লা, সুনামগঞ্জ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ড/ সংশ্লিষ্ট ওয়েব পোর্টালের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো) ।

১৭। চেয়ারম্যান...................................................... ইউপি (সকল), শাল্লা, সুনামগঞ্জ (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

১৮। সম্পাদক, 'দৈনিক সিলেটের বাণী'। (বিজ্ঞপ্তিটি আগামী ৩ (তিন) দিনের মধ্যে ১ (এক) দিনের জন্য তাঁর পত্রিকায় ভিতরের পাতায় সংক্ষিপ্ত আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৯। জনাব..........................................ইজারাদার,.........................................ফেরীঘাট, শাল্লা, সুনামগঞ্জ

উপজেলা নির্বাহী অফিসার
শাল্লা, সুনামগঞ্জ